

## বোধন তত্ত্ব

ড. গৌরী দে (কলকাতা)

পিতৃপক্ষের শেষ, দেবীপক্ষের সূচনা। যজ্ঞের সূচনা মহালয়া পুণ্য তিথিতে। বসন্তকালের দেবীপুজায় বোধন থাকে না। শরৎকালের পুজোয় বোধন অপরিহার্য। এর কারণ কি? কারণ হল, দেবতাদের ছয় মাস দিন ও ছয় মাস রাত্রি। উত্তরায়ণ ও দক্ষিণায়ণ। বসন্তকাল হল উত্তরায়ণকাল, অর্থাৎ দেবতাদের তখন ছয় মাস দিন চলছে। সুতরাং, সেটা হল দেবতাদের জাগরণ কাল। আর বোধনের এক অর্থ হল নিদ্রাভঙ্গ করা। সুতরাং জাগরণকালে নিদ্রাভঙ্গের প্রশ্নাই ওঠে না। কিন্তু শরৎকাল হল দক্ষিণায়ণ কাল। দেবতাদের নিদ্রাকাল। এই সময় তাদের জাগাতে হল বলেই বোধনের প্রয়োজন হল। আর তাই শরৎকালের এই বোধন উৎসব হল অকালবোধন উৎসব।

কালিকাপুরাণে বলা হয়েছে রামকে দিয়ে ব্রহ্মা রাবণবধের উদ্দেশ্যে দেবী দুর্গার অকালবোধন করান। দেবীকে বোধন দ্বারা নিদ্রা থেকে উঘিত করে রামের সাহায্যে রাবণকে বধ করেছিলেন।

দুর্গাকে বোধময়ী রূপে বা বুদ্ধিরূপে পুজো করা হয়। এই বুদ্ধি জীবের নিজের শরীর থেকে দুহিত হয় বলে দুহিতা বা কন্যারূপে মা দুর্গাকে পুজো করা হয়।

এই জন্য বিভিন্ন পুরাণে সম্মোধন করা হয় কন্যা বলে। বলা হয় দেবী চারদিনের জন্য বাপের বাড়ি আসছেন ছেলেমেয়েদের সঙ্গে নিয়ে। এর জন্য আগমনী গানে গিরিবাজ কন্যা উমাকে নিয়ে মা মেনকার আনন্দের শেষ নেই। এই চিন্তাধারা থেকেই বিজয়ার ধারণা সৃষ্টি হল।

কিন্তু সর্বথম যে অনুষ্ঠান তা হল দেবীর নিদ্রাভঙ্গের আয়োজন করা। তাই আবার বোধন তত্ত্বে ফিরে আসা যাক।

দেখা যায় বিষ্঵বৃক্ষ মূলে বোধন করা হয়। এর কারণ হল শাস্ত্রে দুটি মত দেখা গেছে। প্রথম মতে বিষ্঵পত্র শিবের অত্যন্ত প্রিয়। এবং হরপিয়াও তাই বিষ্঵বৃক্ষকে একান্ত আপনার জ্ঞান করেন। এই কারণে বিষ্঵মূলে বোধন করার পথ আছে।

দ্বিতীয় মতে, হরগৌরী বিষ্঵বৃক্ষমূলে শয়ন করেন। তাই মাকে জাগাতে গেলে বিষ্঵বৃক্ষ মূলে গিয়েই জাগাতে হয়।

এবার দেখা যাক, তন্ত্রশাস্ত্রের ব্যাখ্যায় বোধনের অর্থ কি!

বিষ্঵বৃক্ষে যা বিদ্যমান মানুষের দেহেও তার সবকিছু বিদ্যমান। মস্তকে সত্যলোক রয়েছে। অর্থাৎ ব্রহ্মান্দের চতুর্দশ ভূবনই রয়েছে আমাদের দেহে। বিষ্঵বৃক্ষকে বলা হয় মেরুদণ্ডের প্রতীক! মেরুদণ্ডের নিচে রয়েছে ছয়টি গ্রন্থযুক্ত সুষুম্না নাড়ী। এটাকে বলা হয় দুর্গাক্ষেত্র বোধন হল মানবদেহের বোধশক্তির উন্মেষ। ধীরে ধীরে একে জাগাতে হয়। কারণ, তিনি মেরুদণ্ডের নিচে শিবশক্তিরূপে নির্দিত আছেন। তাকে জাগাতে হবে। এটাই হল বোধনের একমাত্র অর্থ।